

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

শাখা-১১ (মাধ্যমিক-২)

www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.৭২.৩১.০৩৭.১৬-৩৮৬

তারিখ : ৩০ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ) কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের নিয়োগের জন্য নিয়োগকারী কর্তৃপক্ষ ক্ষেত্রমত ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি ০১ (এক) মাসের মধ্যে নিয়োগপত্র জারি করবে। কিন্তু যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে কমিটি নাই এবং প্রতিষ্ঠানে নিয়োগপত্র জারি করায় জটিলতা সৃষ্টি হচ্ছে, সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের জটিলতা নিরসনে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এন. টি. আর. সি. এ. কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের যোগদানের সুবিধার্থে নিয়োগপত্র জারি করবেন। তবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি গঠনের পর উক্ত শিক্ষকদের নিয়োগপত্র ভূতাপেক্ষ অনুমোদন গ্রহণ করতে হবে।

০২। উল্লেখ্য, যে সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের কমিটি নাই, সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে অতিসত্তর কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

স্বাক্ষরিত-

(সালমা জাহান)

উপ-সচিব

ফোন: ৯৫৫০৩৪১



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর


www.jessoreboard.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং-ক/অ/ ৪১৯/১৯০৪

তারিখ : ৩০/১১/২০১৬ খ্রি.

উপর্যুক্ত নির্দেশনাটি সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে বাস্তবায়ন/প্রতিপালন করার জন্য এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/ ভারপ্রাপ্ত অধ্যক্ষকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(অমল কুমার বিশ্বাস)


কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর।

ফোন : ০৪২১-৬৮৬৩৮

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ

এ বোর্ডের আওতাধীন সকল কলেজ ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।


৩০/১১/২০১৬

স্মারকনং-ক/অ/

তারিখ :

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল (জেষ্ঠ্যক্রমানুসারে নহে) :-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক/ বিদ্যালয় পরিদর্শক/ উপ পরিচালক (হিওনি)/ প্রধান মূল্যায়ন অফিসার/ সিনিয়র সিস্টেম এনালিস্ট।
- ৫। জেলা প্রশাসক, যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৮। পি,এস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৯। সংরক্ষণ নথি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর।